কুষ্টিয়ায় আমগাছে উঠে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে কৃষকের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুর উপজেলায় আমগাছে উঠে আম পাড়তে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে আসমত (৫৫) নামে এক কৃষকের মৃত্যু হয়েছে।

গত শনিবার সকালে উপজেলার চিথলিয়া ইউনিয়নের বালিয়াশিশা ক্যানেলপাড়া এলাকায় এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, নিজ বাড়ির আঙিনায় একটি আমগাছে উঠে আম পাড়ছিলেন আসমত। একপর্যায়ে তিনি আম পাড়ার জন্য বাঁশের লগা ব্যবহার করেন। এ সময় লগাটি গাছের পাশ দিয়ে যাওয়া বৈদ্যুতিক তারের সংস্পর্শে এলে তিনি বিদ্যুৎস্পৃষ্ট হন।

স্থানীয় বাসিন্দা খায়রুল বাশার জানান, “নিজ বাড়ির আমগাছে উঠে আম পাড়ার সময় বাঁশের লগা বিদ্যুতের তারে লেগে যায়। এতে আসমত বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ঘটনাস্থলেই মারা যান। পরে তার মরদেহ গাছের ডালে আটকে থাকে।”

খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার অভিযান চালায়। পরে ফায়ার সার্ভিসের কর্মীরা গাছের ডাল থেকে মরদেহ নামিয়ে পরিবারের সদস্যদের কাছে হস্তান্তর করেন।

মিরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের ভারপ্রাপ্ত স্টেশন অফিসার নাসিম রেজা নীলু ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

ঘটনার পর স্বজনদের আহাজারিতে এলাকায় শোকের ছায়া নেমে আসে। স্থানীয়রা বিদ্যুতের তারের নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি ফলদ গাছের আশপাশে থাকা বিদ্যুৎ লাইনের ঝুঁকি কমাতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন।

মেহেরপুরে জমি বিক্রি করায় ৩০টি আমগাছ কেটে ফেলার অভিযোগ

মেহেরপুর সদর উপজেলার পৌর কলেজ সংলগ্ন ঝাউবাড়িয়া সড়কে জমি বিক্রির জেরে ৩০টি আমগাছ ও ৩টি কলাগাছ কেটে ফেলার অভিযোগ উঠেছে। এ ঘটনায় মোঃ জাহাঙ্গীর হোসেন (৩২) মেহেরপুর সদর থানায় একটি এজাহার দায়ের করেছেন।

এজাহারে বলা হয়, ১৯ আগস্ট ২০২৫ তারিখে মেহেরপুর সদর সাব-রেজিস্ট্রি অফিসের দলিল নং-৪৯২৬/২০২৫ মূলে বাবু নামের এক ব্যক্তির জমি ডাঃ মোঃ মাহফুজ্জামানের কাছে বিক্রি হয়। এ জমি বিক্রিতে মধ্যস্থতা করেন এজাহারকারী জাহাঙ্গীর হোসেন।

এ অভিযোগে বলা হয়, জমি বিক্রির পর ২৮ আগস্ট সন্ধ্যায় শামীম, জহিরুল ইসলাম বাবু, ফজলুল হক, ডিটুসহ অজ্ঞাতনামা কয়েকজন জাহাঙ্গীর হোসেনের বাড়িতে গিয়ে তাকে হত্যার হুমকি দেয় এবং তার বাগানের গাছ কাটার হুমকি দেয়। পরদিন ২৯ আগস্ট সকালে জাহাঙ্গীর হোসেন তার বাগানে গিয়ে দেখেন রাতের মধ্যে তার বাগানের প্রায় ৩০টি আমগাছ ও ৩টি কলাগাছ কেটে ফেলা হয়েছে। এতে আনুমানিক ২ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে তিনি অভিযোগ করেন।

এ বিষয়ে মেহেরপুর সদর থানায় অভিযোগ দায়ের করেছেন জাহাঙ্গীর হোসেন। অভিযোগ পেয়ে সদর থানা পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

গাংনীতে আমগাছে ঝুলন্ত অবস্থায় ব্যবসায়ীর মরদেহ উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার বামুন্দি বাগানপাড়া এলাকায় আমগাছ থেকে হাবিবুর রহমান (৫০) নামে এক মুদি ব্যবসায়ীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

শনিবার (৩১ মে) সকাল সাড়ে ৭টার দিকে স্থানীয় লোকজন আমগাছে ঝুলন্ত অবস্থায় মরদেহটি দেখতে পেয়ে গাংনী থানা পুলিশকে খবর দেয়। পরে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে।

নিহত হাবিবুর রহমান ওই এলাকার মৃত আব্দুল দলিলের ছেলে। তিনি দীর্ঘদিন ধরে নিজ এলাকায় মুদি দোকান চালিয়ে আসছিলেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বাণী ইসরাইল জানান, “প্রাথমিকভাবে এটি আত্মহত্যা বলে ধারণা করা হলেও বিষয়টি নিয়ে তদন্ত চলছে। মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য মেহেরপুর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।”

এ ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। স্থানীয়দের অনেকেই জানান, হাবিবুর রহমান একজন সজ্জন ব্যক্তি ছিলেন। তবে তিনি কোনো কারণে মানসিকভাবে অস্থির ছিলেন কি না, তা পুলিশ খতিয়ে দেখছে।